

টাইমস হায়ার এডুকেশন র‍্যাঙ্কিংয়ে দেশসেরা জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

জাবি প্রতিনিধি

: বুধবার, ০১ মে ২০২৪

যুক্তরাজ্যভিত্তিক টাইমস হায়ার এডুকেশন এশিয়ার সেরা বিশ্ববিদ্যালয়ের তালিকা প্রকাশ করেছে। ৩০ এপ্রিল (মঙ্গলবার) এলসিভিয়ার জার্নালের সাথে যৌথ প্রযোজনায় ‘এশিয়া ইউনিভার্সিটি র‍্যাঙ্কিং ২০২৪’ তালিকা প্রকাশিত হয়। পৃথিবীর সবচেয়ে রিলায়েবল ইউনিভার্সিটি র‍্যাংকিং প্রতিষ্ঠান কর্তৃক প্রণীত এশিয়া ইউনিভার্সিটি র‍্যাংকিং ২০২৪ এ বাংলাদেশের মধ্যে ১ম স্থানে রয়েছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়। তালিকায় যৌথভাবে প্রথম স্থানে রয়েছে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)।

এশিয়া ইউনিভার্সিটি র‍্যাঙ্কিং ২০২৪-এ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ৩০১-৩৫০তম পজিশনে অবস্থান করে দেশসেরা বিশ্ববিদ্যালয় হিসেবে নির্বাচিত হয়েছে। একই অবস্থানে থাকা বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) র‍্যাঙ্কিংয়ে দেশের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোর মধ্যে যুগ্মভাবে প্রথম স্থানে রয়েছে। এবার এশিয়ার ১১২৭টি বিশ্ববিদ্যালয় নিয়ে র‍্যাঙ্কিং প্রকাশ করেছে টাইমস হায়ার এডুকেশন।

এ বছর ১৮টি পারফরম্যান্স সূচক বিবেচনায় নিয়ে এবারের র‍্যাঙ্কিং করা হয়েছে। গত বছরের (২০২৩) র‍্যাঙ্কিংয়ে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বিশ্ববিদ্যালয়ের কোনো অবস্থান অর্জন করতে ব্যর্থ হলেও ২০২৪ সালে বাংলাদেশের সকল পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলোর সাথে প্রতিদ্বন্দ্বিতা করে প্রথম স্থান অধিকার করেছে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় স্বনামধন্য এই র‍্যাঙ্কিং ইতিহাসে অভূতপূর্ব উন্নতি করলেও দেশের অন্যান্য উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোর সামগ্রিক র‍্যাঙ্কিং গতবছরের তুলনায় নিম্নগামী। ২০২৩ সালে এশিয়ার সেরা ২০০টি বিশ্ববিদ্যালয়ের তালিকায় বাংলাদেশের ঢাকা বিশ্ববিদ্যালয় এবং নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের অবস্থান যথাক্রমে অবস্থান যথাক্রমে ১৮৬ এবং ১৯২ তম হলেও এবার বিশ্ববিদ্যালয় দুটি ৩৫১-৫০০তম পজিশনে অবস্থান করেছে।

এবার র‍্যাঙ্কিংয়ে বাংলাদেশের ২১টি বিশ্ববিদ্যালয়ের স্থান হয়েছে। গতবার সংখ্যাটি ছিল ১৮টি। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এবং বুয়েট ছাড়া র‍্যাঙ্কিংয়ে ৩৫১-৪০০তম গ্রুপে আছে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এবং নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়। ৪০১-৫০০তম গ্রুপে রয়েছে যথাক্রমে ব্র্যাক, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়। ৫০১-৬০০তম গ্রুপে রয়েছে খুলনা বিশ্ববিদ্যালয় এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

তালিকায় থাকা আরও ১২টি বিশ্ববিদ্যালয়ের স্থান হলেও তাদের র‍্যাঙ্কিং প্রকাশ করা হয়নি। এসব শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে আছে আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-বাংলাদেশ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি, ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস অ্যাগ্রিকালচার অ্যান্ড টেকনোলজি, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ, বরেন্দ্র বিশ্ববিদ্যালয় এবং ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অফ বাংলাদেশ।

র‍্যাঙ্কিংয়ে এশিয়ার সেরা বিশ্ববিদ্যালয় হিসেবে শীর্ষে আছে চীনের সিংহুয়া ও পিকিং বিশ্ববিদ্যালয়। এশিয়ার সেরা দশের মধ্যে চীনের পাঁচটি,

হংকংয়ের দুটি, সিঙ্গাপুরের দুটি ও জাপানের একটি বিশ্ববিদ্যালয় রয়েছে। এ বছর ১৮টি বিষয়কে পারফরম্যান্স সূচক বিবেচনায় নিয়ে এশিয়ার সেরা বিশ্ববিদ্যালয়ের তালিকা করা হয়েছে। বিশ্ববিদ্যালয়গুলোর পাঠদান, মৌলিক গবেষণা, জ্ঞান বিতরণের পদ্ধতি, আন্তর্জাতিক দৃষ্টিভঙ্গিসহ কয়েকটি বিষয় বিবেচনা করা হয়েছে এবারের তালিকায়।